

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯১১

১/ বিবিধ

আরবী

خير ما أعطي الإنسان خلق حسن، وشر ما أعطي الرجل قلب سوء في صورة حسنة
ضعيف

رواه ابن أبي شيبة في " المصنف " (8 / 518 / 5383) ابن منده (2 / 278 / 2) وأبو بكر الكلاباذي في " مفتاح المعاني " (1 / 18) عن أبي إسحاق عن رجل من جهينة قال: قال: رسول الله صلى الله عليه وسلم. قلت: وهذا إسناد ضعيف: الرجل الجهني لا يدرى أصحابي هو أم تابعي؟ وأبو إسحاق هو السبيعي وهو مدلس مختلط وللشطر الأول منه شاهد من حديث أسامة بن شريك مرفوعا بإسناد صحيح، انظر " المشكاة " (5079) . وعزاه في " المشكاة " (5078) للبيهقي في " شعب الإيمان " عن رجل من مزينة

বাংলা

১৯১১। মানুষকে সর্বোত্তম যা কিছু দেয়া হয়েছে তা হচ্ছে ভালো চরিত্র। আর ব্যক্তিকে সর্ব নিকৃষ্ট যা কিছু দেয়া হয়েছে তা হচ্ছে ভালো চেহারায় মন্দ হৃদয়।

হাদীসটি দুর্বল।

এটিকে ইবনু আবী শাইবাহ "আলমুসান্নাফ" গ্রন্থে (৮/৫১৮/৫৩৮৩), ইবনু মান্দাহ (২/২৭৮/২) ও আবু বাকর কালাবায়ী "মিফতাহুল মায়ানী" গ্রন্থে (১/১৮) আবু ইসহাক হতে, তিনি জুহাইনার এক ব্যক্তি হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। (নাম না-নেয়া) জুহানী ব্যক্তি কি সাহাবী নাকি তাবেঈ তা জানা যায় না। আর আবু ইসহাক হচ্ছেন সাবীঈ, তিনি মুদাল্লিস বর্ণনাকারী এবং তার মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল। হাদীসটির প্রথম অংশের সহীহ সনদে মারফু' হিসেবে উসামাহ ইবনু শারীকের হাদীস হতে একটি শাহেদ বর্ণিত হয়েছে। দেখুন "আলমিশকাত" (৫০৭৯)।

"মিশকাত" গ্রন্থে (৫০৭৮) বাইহাকীর "শুয়াবুল ঈমান" গ্রন্থের উদ্ধৃতিতে মুযাইনাহ গোত্রের এক ব্যক্তি হতে উল্লেখ করা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72794>

📌 হাদিসবিডি়র প্রজেক্টে অনুদান দিন